



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৫৫৬/৪১৮

তারিখ : ০৪-০৯-২০২৩ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : ক) ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের ১৭-০৪-২০২২ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-২১১৫৪)।  
খ) বিজ্ঞ আদালতের ০২-০৮-২০২৩ খ্রি. তারিখের দেওয়ানী-১০/২০২২ এর নির্দেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার কালিয়া উপজেলাধীন “আদর্শ সম্মিলনী উচ্চ বিদ্যালয়” এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্তে জনাব মোঃ আলমগীর খানসহ মোট ০৪ জন (চার) বিজ্ঞ সহকারী জজ আদালত, কালিয়া, নড়াইল-এ দেওয়ানী ১০/২০২২ নং মোকদ্দমা দায়ের করেন। উক্ত মোকদ্দমার বাদীপক্ষের মোকদ্দমার দাবী প্রত্যাহারের আবেদনের প্রেক্ষিতে বিজ্ঞ আদালত ০২-০৮-২০২৩ খ্রি. তারিখে বাদীপক্ষ মামলা না চালানো হেতু বিনা খরচায় খারিজের আদেশ প্রদান করেন। বিধায় মহামান্য আদালতের নির্দেশনা ও বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী বর্ণিত বিদ্যালয়ে পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গর্ভনিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/- (তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

আদর্শ সম্মিলনী উচ্চ বিদ্যালয় (১১৮৩৫৭)

খাশিয়াল, কালিয়া, নড়াইল

তারিখ : ০৪-০৯-২০২৩ খ্রি.

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৫৫৬/৪১৮(১-৬)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, নড়াইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল।
- ৫। জনাব জনাব মোঃ আলমগীর খানসহ ০৪ জন, মোকদ্দমা দায়েরকারী।
- ৬। সংরক্ষণ নথি।

০৪/০৯/২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর